

বেকার হওয়ার ঝুঁকিতে সোয়া কোটি মানুষ

করোনা ও বাজেট

করোনা সংকটে বিপুল সংখ্যক মানুষ
ঝুঁকিতে আছেন, এতে দারিদ্র্য বাড়বে
বলে মনে করে এসডিজি বাস্তবায়নে
নাগরিক প্ল্যাটফর্ম।

নিজস্ব প্রতিবেদক, ঢাকা

দেশে করোনা সংকটের কারণে ১ কোটি ৩০ লাখ
মানুষ কর্মহীন বা বেকার হওয়ার ঝুঁকিতে আছেন।
এই সংখ্যা বর্তমান শ্রমশক্তির ২০ শতাংশের বেশি।
এই হিসাবে অবশ্য কৃষি খাতকে আনা হয়নি।
করোনা ভবিষ্যৎ শ্রমবাজারে মজুরি কমিয়ে দিতে
পারে। সংকুচিত হতে পারে শ্রমিকের অধিকার।
শ্রমবাজারে নারীর অংশগ্রহণও কমতে পারে।

এ ছাড়া শ্রমশক্তিতে নতুনভাবে যুক্ত হওয়া তথা
কাজপ্রত্যাশীদের আগের চেয়ে কঠিন পরিস্থিতির
মুখোমুখি হতে হবে। বিদেশ ফেরত শ্রমিকেরাও
সমস্যায় পড়বেন। সব মিলিয়ে দারিদ্র্য বাড়বে।

গতকাল বৃহস্পতিবার এসডিজি বাস্তবায়নে
নাগরিক প্ল্যাটফর্ম, বাংলাদেশ আয়োজিত ভার্চুয়াল
বাজেট আলোচনার মূল প্রবন্ধে এসব কথা বলা
হয়েছে। মূল প্রবন্ধ উপস্থাপন করেন এসডিজি
প্ল্যাটফর্মের আহ্বায়ক ও সেন্টার ফর পলিসি
ডায়ালগের (সিডিপি) বিশেষ ফেলো দেবপ্রিয়
ভট্টাচার্য।

অনুষ্ঠানে বক্তারা বলেন, এসডিজি বাস্তবায়নে
বাজেটে এত দিন ধরে পিছিয়ে থাকা জনগোষ্ঠীর
পাশাপাশি করোনার কারণে নতুনভাবে ঝুঁকিতে পড়া
জনগোষ্ঠীর দিকেও নজর দিতে হবে।

অনুষ্ঠানের সভাপতি সিপিডির চেয়ারম্যান
বিশিষ্ট অর্থনীতিবিদ রেহমান সোবহান করোনায়
স্বাস্থ্য খাতের নাজুক পরিস্থিতির কথা তুলে ধরেন।
তিনি বলেন, একটি সর্বজনীন মানসম্পন্ন স্বাস্থ্যসেবা
নিশ্চিত করা দরকার। সরকারি স্বাস্থ্যসেবায় মোট
দেশজ উৎপাদনের (জিডিপি) ৩-৪ শতাংশ খরচ
করা উচিত। এ জন্য স্বাস্থ্যসেবা বিস্তৃত করা এবং মান

বৃদ্ধির জন্য একটি সুনির্দিষ্ট কর্মসূচি নেওয়ার
সুপারিশ করেন তিনি। এ ছাড়া সার্বিকভাবে সরকারি
অর্থ খরচের পুরো বিষয়টি পর্যালোচনার সময়
এসেছে বলে মনে করেন এই অর্থনীতিবিদ।

দেবপ্রিয় ভট্টাচার্য বলেন, করোনার কারণে
বেকারত্ব যেমন বাড়বে, তেমনি বৈষম্যও বাড়বে।
দারিদ্র্যও বেড়ে যাবে। বাজেটে করোনা সংকট
মোকাবিলায় বরাদ্দ কীভাবে বাস্তবায়ন করা হবে,
এর কৌশল বলা হয়নি। তাঁর মতে, এসডিজি সামনে
রেখে জাতীয় পুনর্গঠন বা পুনরুদ্ধার পদক্ষেপ
নেওয়া উচিত।

দারিদ্র্য ও বৈষম্য বৃদ্ধির সঙ্গে একমত প্রকাশ
করেন পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি
বিভাগের (জিইডি) সদস্য শামসুল আলম। তিনি
বলেন, জিডিপির প্রবৃদ্ধি ৮ দশমিক ৯ শতাংশে
উন্নীত করতে না পারলে ২০৩০ সালের মধ্যে 'শূন্য'
দারিদ্র্য করা সম্ভব না-ও হতে পারে। আয় বৈষম্য
বাড়লে দুঃসহ পরিস্থিতি হতে পারে। প্রণোদনার
ঢাকা ব্যাংক খাত ছাড়া উদ্যোক্তাদের কাছে যাওয়ার
আর কী বিকল্প হতে পারে, তা জানতে চান তিনি।

আলোচনা

করোনা সংকটে শিক্ষা পুনরুদ্ধারে বাজেটে বরাদ্দ
নেই বলে মনে করেন সাবেক তত্ত্বাবধায়ক সরকারের
উপদেষ্টা রাশেদা কে চৌধুরী। তাঁর মতে, এই সংকটে
স্কুল থেকে বারে পড়ার হার, বাল্যবিবাহ—এসব
বাড়তে পারে।

কালোঢাকা সাদা করার সুযোগ দেওয়ায়
বাজেটকে দুর্নীতিসহায়ক বলে মনে করেন
ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশের (টিআইবি)
নির্বাহী পরিচালক ইফতেখারুজ্জামান। তাঁর মতে,
পাচার করা টাকায় ৫০ শতাংশ কর আরোপ করা
'খুনের আসামিকে তিরস্কার করা'র মতো বিষয়।

অনুষ্ঠানে আরও বক্তব্য দেন সাংসদ অ্যাডোমো
দত্ত, ঢাকা চেম্বারের সাবেক সভাপতি আসিফ
ইব্রাহিম, মানুষের জন্য ফাউন্ডেশনের নির্বাহী
পরিচালক শাহীন আনাম, সিপিডির বিশেষ ফেলো
মোস্তাফিজুর রহমান, ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের জেমস
পি গ্র্যান্ট স্কুল অব পাবলিক হেলথের উপদেষ্টা
আহমেদ মুশতাক রেজা চৌধুরী প্রমুখ।

Home » Business

12:00 AM, June 19, 2020 / LAST MODIFIED: 01:00 AM, June 19, 2020

Budget should leave no one behind Citizen's Platform for SDGs says



Citizen's Platform for SDGs, Bangladesh
এসডিজি বাস্তবায়নে নাগরিক প্ল্যাটফর্ম, বাংলাদেশ

Star Business Report

Implementation of the proposed budget for fiscal 2020-21 requires a detailed work plan alongside a periodic reporting system with a focus on the concept of "Leaving No One Behind", said the Citizen's Platform for SDGs, Bangladesh yesterday.

It suggested using the SDG framework for designing the recovery strategy for the Covid-19 pandemic by embedding national priority indicators and articulating and

linking the new challenges to SDG delivery in framing the Eighth Five-Year Plan.

The platform, which comprises more than 100 non-state actors and their networks and associates, also proposed increasing availability, accessibility and usability of disaggregated data and setting up a social accountability system, driven by non-state actors, to ensure delivery to Leaving No One Behind.

The suggestions came under a new initiative of the platform titled "Strengthening Citizen's Engagement in Delivering SDGs in view of Covid-19 Pandemic". They were presented at a webinar styled "New Challenges to SDG Delivery in BD and Budget21" yesterday.

Prof Mustafizur Rahman, a distinguished fellow at the Centre for Policy Dialogue (CPD), suggested raising the tax-GDP ratio to 14 per cent, avoiding loan traps induced by deficit financing, and joining initiatives for debt cancellation and global compacts for the private sector to attain the SDGs by 2030.

Mushtaque Chowdhury, vice-chairperson of Brac, spoke of the need for healthcare reforms, including increasing investment in healthcare from 1 per cent of GDP to 2.5 per cent and establishing a permanent health commission.

He also called for separating purchaser and provider to ensure accountability in procurements and good governance at the management level, and to tackle weaknesses in research and data.

Asif Ibrahim, an entrepreneur and a member of the platform's core group, suggested simplifying the process to avail government support in the form of working capital, initiating public-private partnerships to ensure housing and healthcare for workers and waiving VAT collection for a year.

Rasheda K Choudhury, executive director of the Campaign for Popular Education, stressed the need for allocations in education research and protecting gains made with regard to malnutrition and child labour.

Dr Iftekharuzzaman, executive director of the Transparency International Bangladesh, said the budget awarded corruption, encouraged inequality and went against the constitution, laws of the land and the SDGs all the while whistle-blowers were being harassed.

Shaheen Anam, executive director of the Manusher Jonno Foundation, said she found no budgetary measures on addressing the challenges such as domestic violence, increased work burden at home and child marriage faced by women now heightened by the pandemic.

Shamsul Alam, a member of the General Economics Division of the planning ministry, advocated for continuation of "soft lockdowns" and acknowledged the need for avenues other than banks for the financial inclusion of farmers.

Md Shahid Uz Zaman, executive director of the Eco Social Development Organization, said around 20 lakh people of plain land ethnic communities got no focus in the budget. Migrant workers in the north-western regions who were made redundant also necessitated attention.

Smallholder tea cultivators of Thakurgaon and Panchagarh are suffering from a drop in price of tea leaves from Tk 40 to Tk 14 a kilogram for a syndicate, he said.

There are doubts over how sharecroppers would avail the government support announced for farmers through the credit market as the package was intertwined with land ownership, he added.

Ashrafun Nahar Misti, executive director of Women with Disabilities Development Foundation, said the Bangladesh Bureau of Statistics needed to focus on generating data on whether the 18 lakh challenged persons were getting the government's allowance.

Just 1.96 per cent of the social safety net allocation was for the challenged, whose capacity for productivity again failed to get due recognition, she said.

Hassan Ali, president of the Ageing Support Forum, said the elderly, who constituted 8 per cent of the population, were not accommodated in the health budget.

Stay updated on the go with The Daily Star Android & iOS [News App](#). [Click here](#) to download it for your device.

The Daily Star Breaking news alert on your phone

Grameenphone:

Type START <space> BR and send SMS it to 22222

Robi:

Type START <space> BR and send SMS it to 2222

Banglalink:

Type START <space> BR and send SMS it to 2225

Find more information on SMS subscription

Citizen's Platform for SDGs: 13m people risk losing jobs

DT dhakatribune.com/business/2020/06/18/citizen-s-platform-for-sdgs-13m-people-risk-losing-jobs

June 18, 2020

Workers look at a layoff notice outside Sigma Fashion Ltd at Dhanaid area of Ashulia in Savar on Saturday, April 25, 2020 **Dhaka Tribune**

Eminent citizens, economists call for SDGs implementation

Citizen's Platform for SDGs (Sustainable Development Goals), Bangladesh on Thursday said an estimated 13 million people were at risk of losing jobs due to the prolonged Covid-19 crisis that hit the country's economic activities badly.

The estimated figure was about 20.1% of the latest labour force data (2016-17), said the platform.

The study titled, "Strengthening Citizen's Engagement in Delivering SDGs in view of Covid-19 Pandemic" was conducted by the Citizen's Platform for SDGs (Sustainable Development Goals), Bangladesh.

The study report was released at a virtual dialogue themed "SDG's New Challenges and Budget for 2020-21" in the capital.

People employed as temporary or part-time arrangements were at risk of losing jobs, said Debapriya Bhattacharya, convener of the platform.

"This number is underestimated, as we did not take into account the new entrants in the labour market since 2017. Considering the current situation, the number of citizens at risk of losing their jobs will increase," he added.

Debapriya also said, "In this case, the backward and marginalized people of the country are more at risk".

Speakers recommended the government moved forward adopting the SDG structure for recovery of the economy and employment of citizens.

Professor Rehman Sobhan, chairman of Centre for Policy Dialogue (CPD) and advisor of the Platform presided over the virtual dialogue, while Dr. Shamsul Alam, Member (Senior Secretary) of General Economics Division (GED) attended the programme as chief guest.

The Chittagong Stock Exchange (CSE) Chairman Asif Ibrahim, Transparency International Bangladesh (TIB) chapter Executive Director Iftekharuzzaman, former advisor of a caretaker government Rasheda K Chowdhury, distinguished fellow of CPD Professor Mustafizur Rahman, and Aroma Dutta MP, also a Member of the Standing Committee on Ministry of Social Welfare, were also present as panel speakers.

Speakers said ensuring accountability and transparency were vital to implement the proposed national budget for FY21 and achieve the Sustainable Development Goals in Bangladesh.

They also said the SDGs implementation would be challenging amid the Covid-19 pandemic.

“We notice a financial weak structure in the proposed budget for 2020-21. The disparity in various sectors of society would go up further in the country. However, proper action plan is needed to implement the budget,” Debapriya said.

He said the government should use the structures of SDGs in the national reconstruction plan and include all new challenges in the 8th five year plan.

“Transparency and accountability in all sectors of our society are badly needed to achieve the challenges of SDGs,” he added.

Dr Shamsul Alam said the government had laid emphasis on essential sectors in the budget.

“The government is trying to give the work plan priority to recover the crisis period. We have short and medium term plans for three years to overcome the problems of COVID-19, alongside implementing the 8th five year plan,” he added.

Shamsul said “We now need to develop our skills and quality as well as ensure accountability to implement our visions.”

Iftekhharuzzaman said the government should prevent corruption as a priority to ensure rule of law in the country.

“SDGs won’t be achieved if corruption and disparity are not eliminated. There is no guideline on how to implement the allocations. Corrupts don’t get proper punishment now. Money launderers get facilities in the budget. The budget should be reconsidered to ensure rule of law and achieve the SDGs indexes,” he also added.

Rasheda K Choudhury, former adviser to a caretaker government said the education sector had not got proper priority in the budget.

“The allocation for education sector is not enough. Private teachers don’t get their salaries now. However, it’s not logical to increase the price of internet now,” she also said.



The estimate is from reviewing the data of 2017-18 labour force survey



For the ongoing Covid-19 pandemic, about 1.3 crore citizens of the country are at risk of losing their jobs. In particular, citizens employed in temporary or part-time employment are at risk, according to a press release issued on Thursday by Citizen's Platform for SDGs, Bangladesh.

The estimate is from reviewing the data of 2017-18 labour force survey. Considering the current situation, the number of citizens at risk of losing their jobs will increase further, it adds.

A virtual dialogue titled "SDG's New Challenges and Budget 2020-21" organised by the platform, Bangladesh, revealed the information.

Dr Debapriya Bhattacharya, convener of the platform and Honorary Fellow of Center for Policy Dialogue (CPD), presented the key note in the dialogue, reads the press release.

The dialogue informs that the backward and marginalised people of the country are most at risk. To overcome the current situation, the government may consider a special economic recovery programme.

The government also needs to move forward with the Sustainable Development Goals (SDGs) framework in the process of reviving the country's economy and ensuring economic security, including employment for its citizens, recommended the dialogue.

It is important to take a detailed action plan and take steps to recover from the ongoing crisis through periodic monitoring. The SDG framework needs to be specially incorporated in the country's Eighth Five-Year Plan to address the new challenges posed by pandemic, reads the press release.

In this case, special attention is required to bring the backward and marginalised people of the country under cooperation.

Dr Shamsul Alam, member (Senior Secretary), General Economics Department, Planning Commission, was special guest in the event.

He said that the government would take a short-term action to recover the economy from the ongoing crisis.

"In all development activities, including the Eighth Five-Year Plan, the government will consider providing assistance to all citizens who are at risk in the country," he said.

Professor Rehman Sobhan, member of the Advisory Council of the SDG Platform and Chairman of the CPD, presided over the dialogue.


The dialogue also discussed about the ongoing challenges of women, children, elderly people, the disabled, ethnic people, people in the remote areas, youths and the backward sections of the society, reads the press release.

The dialogue was attended by development workers-experts, economists, researchers, business representatives, youth representatives and journalists from different parts of the country including Dhaka, Chattogram, Sylhet, Khulna, and other districts.





Eminent citizens said raising allocation for the health sector alone will not be adequate in fighting the coronavirus crisis



The Citizen's Platform for SDGs (sustainable development goals) has called for enhancing the capacity of the country's health sector and ensuring accountability.

They said raising allocation for health in the national budget alone will not make the government better able to fight the Covid-19 pandemic.

If you get lost in numbers after making big allocations for the health sector, it means you really tend to get disconnected from the ground reality, said Economist Rehman Sobhan Thursday as the president of a webinar.

In his speech at the virtual dialogue on new challenges in achieving SDGs and budget for FY2020-21, Prof Rehman Sobhan said apart from raising allocation for health, one should have a clear idea about what one is going to do with the money.

The renowned economist said, "I would have wanted a public commitment to raise the standard of at list 20 district-level public hospitals to that of the Combined Military Hospital (CMH) to deal with the pandemic."

Dr Shamsul Alam, member (senior secretary) of the General Economic Division (GED) of the Planning Commission, said the pandemic could prolong to the end of this year.

"A humane lockdown should be continued to save both lives and livelihoods," he noted.

Dr Shamsul Alam said accountability and capacity building in the health sector should get priority over raising allocations.

Transparency International Bangladesh (TIB) Executive Director Dr Iftekharuzzaman said although allocation for the health sector has increased slightly in the proposed budget for FY21 when compared to the previous budget, but there is no specific guideline on maintaining transparency in expenditure.

"Some influential people will plunder the block allocation for the health sector, making rule of law questionable further," he added.

Rasheda K Choudhury, a noted educator and former adviser to a caretaker government, said the education sector did not get due priority in the budget.

"Allocation for the education sector is not enough. Private teachers do not get their salaries now. Besides, it is not logical to increase the price of internet now," she noted.

Shaheen Anam, executive director of Manusher Jonno Foundation, said the budget for the next year does not have any new plan for minimising gender discrimination.

"Women are in more sufferings during the pandemic. They are facing more domestic violence while child marriage is on the rise. The proposed budget does not have any structural support for them," she added.

Meantime, Asif Ibrahim, chairman of the Chittagong Stock Exchange, urged the government to simplify the borrowing process from stimulus packages.

CPD Distinguished Fellow Professor Mustafizur Rahman said the new budget has moved its focus to the health sector leaving the root-level issues.

"We had to redirect. For example, being too much obsessed with health, now we are not focusing on environment," he further said.

He added, "The raised allocation for the health sector provides a chance for us to work on universal health coverage. If we can do this, it will help to alleviate poverty, income inequality, consumption inequality and other factors."

He warned that the Covid-19 crisis could push Bangladesh into debt trap which would widen up budget deficit further in future.

Dr Debapriya Bhattacharya, convenor of the platform and Distinguished Fellow of the CPD, presented the keynote paper at the programme.

He said around 1.75 crore people of the country are at risk of sliding into the poverty line and 1.3 crore people are at risk of losing their jobs.

"We notice a weak financial structure in the proposed budget. Even after that, a proper action plan is needed to implement it," he added.

Debapriya said the government should use the structure of SDGs in the national reconstruction plan and include all new challenges in the 8th Five Year Plan.

"We strongly urge the government for making divided information to meet the challenges. Transparency and accountability in all sectors of our society need to achieve the challenges of SDGs," the noted economist also said.

13m likely to lose jobs: CPD

 observerbd.com/news.php



As many as 13 million people in the country are at risk of losing their jobs due to the ongoing Covid-19 pandemic, said a study carried out by Centre for Policy Dialogue (CPD) on Thursday.

In particular, those who are employed on temporary or part-time basis are at the risk of losing their jobs.

This estimate was made by reviewing the data of 2016-17 labour force survey. Considering the current situation, the number of citizens at risk of losing their jobs will increase further, said the CPD.

The study titled 'Strengthening Citizen's Engagement In Delivering SDGs' In View of COVID-19 Pandemic' was conducted by the Citizen's Platform for SDGs (Sustainable Development Goals), Bangladesh.

The study was unveiled through a virtual dialogue 'SDG's New Challenges and Budget for 2020-21' on Thursday.

Especially those who are employed on temporary or part-time basis are at risk of losing their jobs. "We have not taken into account the new entrants in the labour market since 2017," said Debapriya Bhattacharya, the Convener of the platform.

Considering the current situation, the number of citizens at risk of losing their jobs will increase, he said.

Debapriya also said, "In this case, the backward and marginalized people of the country are at more risk".

Earlier, the CPD had estimated an increase in national poverty rate from 24.3 percent to 35.0 percent due to the outbreak of corona pandemic. This 'new' poor are about 1.75 crores in number.

Speakers recommended that the government need to move forward by adopting SDG structure for the recovery of economy and employment of citizens.

Professor Rehman Sobhan, the Chairman of the Centre for Policy Dialogue (CPD) and Advisor of the platform presided over the virtual dialogue with Dr Shamsul Alam, Member (Senior Secretary) of General Economics Division (GED), as the Chief Guest. Debapriya Bhattacharya, the Convener of the platform presented the study.

The Chittagong Stock Exchange (CSE) Chairman Asif Ibrahim, Transparency International Bangladesh (TIB) Executive Director Iftekharuzzaman, former adviser to a caretaker government Rasheda K Chowdhury, distinguished fellow of CPD Professor Mustafizur Rahman and lawmaker Aroma Dutta, member of Standing Committee on the Ministry of Social Welfare were also present as panel speakers.

The speakers at the programme said the budget needs special attention for 20,000 sex workers, poultry firms, small shops and entrepreneurs.

Dr Shamsul Alam, Member of the planning Commission, to combat the COVID-19 pandemic, the government was implementing different programmes worth Tk5, 500 crore under the Health Services Division.

He said the government would do whatever is required to be done to address the pandemic. To fulfill emerging requirements, Finance Minister proposed to allocate Tk10, 000 crore as lump sum.

He said the government may think about 'One Stop Service' system for women and children and brings it under one umbrella.

Ensuring accountability and transparency are vital to achieve the proposed national budget for FY21 and Sustainable Development Goals in Bangladesh, said the speakers.

They also said SDGs implementation will be a challenge during this ongoing Covid-19 pandemic.

Debapriya said the government should use the structures of SDGs in the national reconstruction plan and include all new challenges in the 8th five year plan.

Iftakharuzzaman said the government should prevent corruption at first to implement the rule of law in the country.

চাকরি হারানোর ঝুঁকিতে ১ কোটি ৩০ লাখ মানুষ

এসডিজি কাঠামো অবলম্বন করে অর্থনীতি পুনরুদ্ধারের সুপারিশ নাগরিক প্ল্যাটফর্মের

প্রকাশ : ১৯ জুন ২০২০, ০১:২০ | অনলাইন সংস্করণ

ইত্তেফাক রিপোর্ট



রাজধানীতে বেড়েছে মানুষের ব্যস্ততা। ছবিটি
নিউমার্কেট এলাকার —আব্দুল গনি

চলমান কোভিড-১৯ মহামারির ফলে দেশের ১ কোটি ৩০ লাখ নাগরিক চাকরি হারানোর ঝুঁকিতে রয়েছেন। বিশেষ করে, অস্থায়ী কিংবা খণ্ডকালীন কর্মসংস্থানের সঙ্গে নিয়োজিত নাগরিকরা এই ঝুঁকিতে পড়েছেন। বর্তমান অবস্থা বিবেচনায় নিলে কর্ম হারানোর ঝুঁকিতে থাকা নাগরিকের সংখ্যা আরো বৃদ্ধি পাবে।

এসডিজি বাস্তবায়নে নাগরিক প্ল্যাটফর্ম, বাংলাদেশ-এর আয়োজনে গতকাল বৃহস্পতিবার এসডিজির নতুন চ্যালেঞ্জ ও বাজেট ২০২০-২১ শীর্ষক এক ভার্চুয়াল সংলাপে এ পর্যবেক্ষণ তুলে ধরা হয়।

এসডিজি প্ল্যাটফর্মের আহ্বায়ক এবং সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি)-এর সম্মাননীয় ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য এ সংলাপে মূল প্রতিবেদন উপস্থান করেন।

এতে তিনি উল্লেখ করেন, বর্তমান পরিস্থিতিতে দেশের পাঁছিয়ে পড়া ও প্রান্তিক জনগোষ্ঠী সবচেয়ে বেশি ঝুঁকিতে পড়েছেন। এবারের বাজেটে অদক্ষতা কমানো, দুর্নীতি দমন এসব বিষয়ে তেমন কোনো উদ্যোগ নেই। একটি বিস্তারিত কর্মপরিকল্পনা গ্রহণ করে পর্যায়ক্রমিক পর্যবেক্ষণের মাধ্যমে চলমান সংকট থেকে পুনরুদ্ধারের কার্যক্রম গ্রহণ জরুরি বলে তিনি উল্লেখ করেন।

এসডিজি প্ল্যাটফর্মের উপদেষ্টা পরিষদের সদস্য এবং সিপিডির চেয়ারম্যান অধ্যাপক রেহমান সোবহান সংলাপে সভাপতিত্ব করেন।

তিনি বলেন, প্রতিবছর যে বাজেট দেওয়া হয় সেটি বাস্তবায়ন হয় না। করোনায় স্বাস্থ্য খাতে বরাদ্দ দিলেও এটি কীভাবে ব্যয় হবে সে বিষয়ে অর্থমন্ত্রী প্রস্তাবিত বাজেটে উল্লেখ করেননি। আমরা দেখতে পাই, উচ্চবিত্তরা প্রতিবছর ব্যাংকক, সিঙ্গাপুরে চিকিত্সা নিতে দেশের বাইরে যে অর্থব্যয় করছে তা জিডিপির প্রায় দশমিক ৫ শতাংশের সমান। করোনায় রাজনৈতিক ও ব্যবসায়ী উভয় ধরনের এলিটরা আক্রান্ত হচ্ছে। কিন্তু তারা দেশের বাইরে যেতে পারছে না। তাছাড়া দেশের বেসরকারি স্বাস্থ্য ব্যবস্থাও প্রয়োজনের তুলনায় পর্যাপ্ত নয়। এখন তাদের কোনো উপায় নেই। সম্মিলিত সামরিক হাসপাতালে (সিএমএইচ) ভিআইপিরা চিকিত্সা নিচ্ছেন। জিডিপির কমপক্ষে ৩ থেকে ৪ শতাংশ স্বাস্থ্য খাতে বরাদ্দের সুপারিশ করেন তিনি।

সংলাপে বিশেষ অতিথির বক্তব্যে পরিকল্পনা কমিশনের সদস্য (সিনিয়র সচিব) ড. শামসুল আলম বলেন, বর্তমান পরিস্থিতিতে দারিদ্র্য বাড়বে এটা ঠিক। সাধারণ মানুষের আয় কমে যাচ্ছে এটা নিয়েও বিতর্ক নেই। চলমান অতিমারি থেকে অর্থনীতি পুনরুদ্ধারের ক্ষেত্রে সরকার একটি স্বল্পমেয়াদি কার্যক্রম হাতে নেবে। ইতিমধ্যে সরকার প্রণোদনাসহ ১৯টি কর্মসূচি ঘোষণা করেছে। অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনাসহ সকল উন্নয়ন কার্যক্রমেই সরকার দেশের ঝুঁকিতে থাকা সকল নাগরিকের সহযোগিতা প্রদানের ব্যাপারটি বিবেচনায় থাকবে।

চলমান অতিমারিতে নারী, শিশু, বয়স্ক জনগোষ্ঠী, প্রতিবন্ধী জনগোষ্ঠী, আদিবাসী, প্রত্যন্ত অঞ্চলে অবস্থিত জনগোষ্ঠী, যুবসমাজসহ সমাজের পিছিয়ে পড়া জনগোষ্ঠীর বিভিন্ন চ্যালেঞ্জসমূহ নিয়ে এ সংলাপে আলোচনা হয়।

আলোচনায় অংশ নিয়ে সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা রাশেদা কে চৌধুরী বলেন, শিক্ষা গবেষণায় বরাদ্দ মাইক্রোস্কোপ দিয়েও পাওয়া যাবে না।

সিপিডির সম্মাননীয় ফেলো অধ্যাপক মোস্তাফিজুর রহমান বলেন, এসডিজি বাস্তবায়নে যে অর্থায়নের প্রয়োজন হবে সেটি সংগ্রহ করা এখন আরো চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। কারণ প্রত্যাশিত প্রবৃদ্ধি অর্জন হবে না।

মানুষের জন্য ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক শাহীন আনাম বলেন, করোনা পরিস্থিতিতে নারীদের প্রতি পারিবারিক সহিংসতা বাড়লেও বাজেটে নারীদের এই চ্যালেঞ্জ মোকাবিলায় তেমন উদ্যোগ দেখিনি।

ইত্তেফাক/জেডএইচ

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

করোনায় দেশে ১ কোটি ৩০ লাখ মানুষ চাকরি হারানোর ঝুঁকিতে

jagonews24.com/economy/news/591195



Citizen's Platform for SDGs, Bangladesh
এসডিজি বাস্তবায়নে নাগরিক প্ল্যাটফর্ম, বাংলাদেশ

প্রকাশিত: ০১:১৬ এএম, ১৯ জুন ২০২০

করোনাভাইরাসের (কোভিড-১৯) চলমান মহামারির ফলে দেশের এক কোটি ৩০ লাখ মানুষ চাকরি হারানোর ঝুঁকিতে রয়েছেন। বিশেষ করে অস্থায়ী কিংবা খণ্ডকালীন কর্মসংস্থানের সঙ্গে নিয়োজিতরা এই ঝুঁকিতে পড়েছেন বলে জানিয়েছে এসডিজি বাস্তবায়নে নাগরিক প্ল্যাটফর্ম, বাংলাদেশ।

বৃহস্পতিবার (১৮ জুন) সংস্থাটির আয়োজনে এসডিজির নতুন চ্যালেঞ্জ ও বাজেট ২০২০-২১ শীর্ষক এক ভার্চুয়াল সংলাপে এ তথ্য জানানো হয়। এসডিজি প্ল্যাটফর্মের আহ্বায়ক এবং সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) সম্মানীয় ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য এ সংলাপে মূল প্রতিবেদন উপস্থান করেন।

ড. দেবপ্রিয় ভট্টাচার্য বলেন, করোনাভাইরাসের মহামারির ফলে দেশের এক কোটি ৩০ লাখ মানুষ চাকরি হারানোর ঝুঁকিতে রয়েছেন। বিশেষ করে অস্থায়ী কিংবা খণ্ডকালীন কর্মসংস্থানের সাথে নিয়োজিতরা এই ঝুঁকিতে পড়েছেন। ২০১৬-১৭ শ্রমশক্তি জরিপের উপাত্ত পর্যালোচনা করে এ প্রাক্কলন করা হচ্ছে। বর্তমান অবস্থা বিবেচনায় নিলে কর্ম হারানোর ঝুঁকিতে থাকা নাগরিকের সংখ্যা আরও বৃদ্ধি পাবে।

তিনি বলেন, এক্ষেত্রে দেশের পিছিয়ে পড়া ও প্রান্তিক জনগোষ্ঠী সবচেয়ে বেশি ঝুঁকিতে পড়েছেন। চলমান অবস্থা থেকে উত্তরণের জন্য সরকার একটি বিশেষ অর্থনীতি পুনরুদ্ধার কার্যক্রম বিবেচনা করতে পারে। দেশের অর্থনীতি পুনরুদ্ধার এবং নাগরিকদের কর্মসংস্থানসহ অর্থনৈতিক সুরক্ষা নিশ্চিতকরণ প্রক্রিয়ায় টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) কাঠামোকে অবলম্বন করে সরকারের অগ্রসর হওয়া প্রয়োজন।

একটি বিস্তারিত কর্মপরিকল্পনা গ্রহণ করে পর্যায়ক্রমিক পর্যবেক্ষণের মাধ্যমে চলমান সংকট থেকে পুনরুদ্ধারের কার্যক্রম গ্রহণ জরুরি। অতিমারির ফলে সৃষ্ট নতুন চ্যালেঞ্জ মোকাবিলায় দেশের অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনায় এসডিজি কাঠামোকে বিশেষভাবে সন্নিবদ্ধ করা প্রয়োজন। এক্ষেত্রে দেশের পিছিয়ে পড়া ও প্রান্তিক জনগোষ্ঠীকে সহযোগিতার আওতায় আনার ক্ষেত্রে বিশেষ নজর জরুরি বলেও উল্লেখ করেন তিনি।

সংলাপে বিশেষ অতিথি হিসেবে পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগের সদস্য (সিনিয়র সচিব) ড. শামসুল আলম বলেন, চলমান মহামারি থেকে অর্থনীতি পুনরুদ্ধারের ক্ষেত্রে সরকার একটি স্বল্পমেয়াদি কার্যক্রম হাতে নেবে। অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনাসহ সকল উন্নয়ন কার্যক্রমেই সরকার দেশের ঝুঁকিতে থাকা নাগরিকদের সহযোগিতা প্রদানের ব্যাপারটি বিবেচনায় থাকবে।

এসডিজি প্ল্যাটফর্মের উপদেষ্টা পরিষদের সদস্য এবং সিপিডির চেয়ারম্যান অধ্যাপক রেহমান সোবহান সংলাপে সভাপতিত্ব করেন। চলমান অতিমারিতে নারী, শিশু, বয়স্ক জনগোষ্ঠী, প্রতিবন্ধী, আদিবাসী, প্রত্যন্ত অঞ্চলে অবস্থিত জনগোষ্ঠী, যুবসমাজসহ সমাজের পিছিয়ে পড়া জনগোষ্ঠীর বিভিন্ন চ্যালেঞ্জ নিয়ে এ সংলাপে আলোচনা হয়। সংলাপে ঢাকা, চট্টগ্রাম, সিলেট, খুলনা, বরগুনা, সুনামগঞ্জ, ঠাকুরগাঁও, বগুড়াসহ দেশের বিভিন্ন স্থান থেকে উন্নয়নকর্মী, বিশেষজ্ঞ, অর্থনীতিবিদ, গবেষক, ব্যবসায়ী প্রতিনিধি, যুব প্রতিনিধি এবং সাংবাদিকবৃন্দ অংশগ্রহণ করেন।

এমইউএইচ/বিএ

1.3cr people at risk of losing jobs due to COVID-19 fallout

Staff Correspondent | Published at 11:00pm on June 18, 2020



A file photo shows workers sitting outside a closed garment factory, which suspended production in April due to coronavirus outbreak, in the capital. At least 1.3 crore people in the country, particularly part-time and temporary workers, are at risk of losing employment and incomes due to the adverse impacts of the coronavirus outbreak, according to the Citizen's Platform for SDGs, Bangladesh. — New Age photo

At least 1.3 crore people in the country, particularly part-time and temporary workers, are at risk of losing employment and incomes due to the adverse impacts of the coronavirus outbreak, according to the Citizen's Platform for SDGs, Bangladesh.

Many of them have already lost jobs and others are at risks of losing jobs due to the coronavirus outbreak fallout, said the platform's convener, Debapriya Bhattacharya, also the Centre for Policy Dialogue distinguished fellow.

'This number of vulnerable employed people, which accounts for 20.1 per cent of the labour force, is an underestimate as we did not take into account the new entrants who have come into the labour market since 2017 and the labour force in the agriculture sector is not included in the estimate,' he said at a virtual dialogue on Thursday.

The platform organised the dialogue on 'New challenges to SDGs delivery in Bangladesh and budget 2020-2021' presided over by CPD chairperson Rehman Sobhan.

Therefore, the number of vulnerable employed might reach between 1.5 and 2 crore if the new entrants after 2017 are taken into consideration, he said.

The incidence of indecent jobs and jobs in the informal sector with no wage structures and regard for human rights will dominate the labour market in the immediate future, he said.

The new entrants into the local job market will face more barriers and this is also true for the returnee migrant workers, he said.

Earlier, CPD estimated that the number of new poor would stand at 1.75 crore as the poverty rate was expected to increase to 35 per cent from the current 24.3 per cent.

Debapriya said that both income and consumption inequality were going to rise, he said.

Rehman said that the quality of the public healthcare system should get urgent attention with programmes and commitments undertaken in the context of the COVID-19 situation.

The sector had remained unattended by the ruling class for years as the private sector was being prioritised.

The quality of district level hospitals should be elevated to the standard of combined military hospitals, he said.

In addition to increasing allocation, efficiency of expenditure should also get priority, he said.

The platform recommended the formation of a detail work plan for implementation of the budget.

The government should also use the SDG framework for designing the recovery and rebound strategy along with articulating and linking the new challenges to SDG delivery in the framing of the upcoming 8th Five Year.

Planning commission's General Economics Division senior secretary Shamsul Alam said that there was no doubt that poverty and inequality would rise and implementation of SDG would be at risk due to the outbreak fallout.

The government should pursue a higher gross domestic product growth to overcome the situation, he said.

He said that the government would prepare a three-year recovery plan under the upcoming 8th FYP.

CPD distinguished fellow Mustafizur Rahman said that the government should start thinking about the sources of financing for SDG implementation as it would appear as a big challenge in future.

Transparency International Bangladesh executive director Md Iftekharuzzaman termed the proposed scope of legalising undisclosed money as unethical and anti-constitutional and supportive of corruption.

It gives the message to dishonest people that they should do corruption and they will get benefits in the budget for it, he said.



Editor: **Nurul Kabir**, Published by the Chairman, Editorial Board ASM Shahidullah Khan on behalf of Media New Age Ltd. 30 Tejgaon Industrial Area, Dhaka-1208 Phone: 880-2-8170450-56 (PABX), Fax: 880-2-8170457

করোনায় ১.৩ কোটি নাগরিক চাকরি হারানোর ঝুঁকিতে

নিজস্ব প্রতিবেদক

১৯ জুন ২০২০ ০০:০০ | আপডেট: ১৮ জুন ২০২০ ২৩:০২

নতুন ধারার দৈনিক
আমাদের সময়

চলমান কোভিড-১৯ অতিমারীর ফলে দেশের ১.৩ কোটি নাগরিক চাকরি হারানোর ঝুঁকিতে রয়েছে। বিশেষ করে, অস্থায়ী কিংবা খ-কালীন কর্মসংস্থানের সঙ্গে নিয়োজিত নাগরিকরা এ ঝুঁকিতে পড়েছেন। ২০১৬-১৭ শ্রমশক্তি জরিপের উপাত্ত পর্যালোচনা করে এ প্রাক্কলন করা হচ্ছে। বর্তমান অবস্থা বিবেচনায় নিলে কর্ম হারানোর ঝুঁকিতে থাকা নাগরিকের সংখ্যা আরও বাড়বে। গতকাল এসডিজি বাস্তবায়নে নাগরিক প্ল্যাটফর্ম বাংলাদেশের আয়োজনে এসডিজির নতুন চ্যালেঞ্জ ও বাজেট ২০২০-২১ শীর্ষক এক ভার্চুয়াল সংলাপে এসব পর্যবেক্ষণ ও সুপারিশ তুলে ধরা হয়। এসডিজি প্ল্যাটফর্মের আহ্বায়ক এবং সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) সম্মাননীয় ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য এ সংলাপে মূল প্রতিবেদন উপস্থাপন করেন।

বক্তারা বলেন, করোনা কারণে দেশের পিছিয়ে পড়া ও প্রান্তিক জনগোষ্ঠী সবচেয়ে বেশি ঝুঁকিতে পড়েছেন। চলমান অবস্থা থেকে উত্তরণে সরকার একটি বিশেষ অর্থনীতি পুনরুদ্ধার কার্যক্রম বিবেচনা করতে পারে। দেশের অর্থনীতি পুনরুদ্ধার এবং নাগরিকদের কর্মসংস্থানসহ অর্থনৈতিক সুরক্ষা নিশ্চিতকরণ প্রক্রিয়ায় টেকসই উন্নয়ন অর্জন

(এসডিজি) কাঠামোকে অবলম্বন করে সরকারের অগ্রসর হওয়া প্রয়োজন।

একটি বিস্তারিত কর্মপরিকল্পনা গ্রহণ করে পর্যায়ক্রমিক পর্যবেক্ষণের মাধ্যমে চলমান সংকট থেকে পুনরুদ্ধারের কার্যক্রম গ্রহণ জরুরি। অতিমারীর ফলে সৃষ্ট নতুন চ্যালেঞ্জ মোকাবিলায় দেশের অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনায় এসডিজি কাঠামোকে বিশেষভাবে সন্নিবিদ্ধ করা প্রয়োজন। এ ক্ষেত্রে দেশের পিছিয়ে পড়া ও প্রান্তিক জনগোষ্ঠীকে সহযোগিতার আওতায় আনার ক্ষেত্রে বিশেষ নজর জরুরি।

সংলাপে পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগের সদস্য ড. শামসুল আলম বলেন, চলমান অতিমারী থেকে অর্থনীতি পুনরুদ্ধারে সরকার একটি স্বল্পমেয়াদি কার্যক্রম হাতে নেবে। অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনাসহ সব উন্নয়ন কার্যক্রমেই সরকার দেশের ঝুঁকিতে থাকা নাগরিকদের সহযোগিতা প্রদানের ব্যাপারটি বিবেচনায় থাকবে।

এসডিজি প্ল্যাটফর্মের উপদেষ্টা পরিষদের সদস্য এবং সিপিডির চেয়ারম্যান অধ্যাপক রেহমান সোবহান সংলাপে সভাপতিত্ব করেন। চলমান অতিমারীতে নারী, শিশু, বয়স্ক জনগোষ্ঠী, প্রতিবন্ধী জনগোষ্ঠী, আদিবাসী, প্রত্যন্ত অঞ্চলে অবস্থিত জনগোষ্ঠী, যুবসমাজসহ সমাজের পিছিয়ে পড়া জনগোষ্ঠীর বিভিন্ন চ্যালেঞ্জ নিয়ে এ সংলাপে আলোচনা হয়। সংলাপে ঢাকা, চট্টগ্রাম, সিলেট, খুলনা, বরগুনা, সুনামগঞ্জ, ঠাকুরগাঁও, বগুড়াসহ দেশের বিভিন্ন স্থান থেকে উন্নয়ন কর্মী-বিশেষজ্ঞ, অর্থনীতিবিদ, গবেষক, ব্যবসায়ী প্রতিনিধি, যুব প্রতিনিধি এবং সাংবাদিকবৃন্দ অংশগ্রহণ করেন।

ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৫৫০৩০০০১-৬ ফ্যাক্স: ৫৫০৩০০১১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৪

ই-মেইল : news@dainikamadershomoy.com, editor@dainikamadershomoy.com

দৈনিক খবর সৈনিক

আমাদের সময়

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯


Privacy Policy

আপডেট : ১৯ জুন, ২০২০ ০০:০০

এসডিজি প্ল্যাটফর্মের তথ্য

চাকরি হারানোর ঝুঁকিতে ১.৩০ কোটি মানুষ

| নিজস্ব প্রতিবেদক

 চাকরি হারানোর ঝুঁকিতে ১.৩০ কোটি মানুষ

চলমান কভিড-১৯ মহামারীর ফলে দেশের ১.৩ কোটি মানুষ চাকরি হারানোর ঝুঁকিতে রয়েছেন। বিশেষ করে অস্থায়ী কিংবা খ-কালীন কর্মসংস্থানের সঙ্গে নিয়োজিত নাগরিকরা এই ঝুঁকিতে পড়েছেন। ২০১৬-১৭ শ্রমশক্তি জরিপের উপাত্ত পর্যালোচনা করে এ প্রাক্কলন করা হচ্ছে। বর্তমান অবস্থা বিবেচনায় নিলে কর্ম হারানোর ঝুঁকিতে থাকা মানুষের সংখ্যা আরও বাড়বে বলে তথ্য প্রকাশ করেছে এসডিজি প্ল্যাটফর্ম।

গতকাল এসডিজি বাস্তবায়নে নাগরিক প্ল্যাটফর্ম, বাংলাদেশ-এর আয়োজনে এসডিজির নতুন চ্যালেঞ্জ ও বাজেট ২০২০-২১ শীর্ষক এক ভার্চুয়াল সংলাপে এ তথ্য প্রকাশ করা হয়। এতে সব পর্যবেক্ষণ ও সুপারিশ তুলে ধরা হয়। এসডিজি প্ল্যাটফর্মের আহ্বায়ক এবং সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি)-এর সম্মানীয় ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য এ সংলাপে মূল প্রতিবেদন উপস্থাপন করেন। এতে বলা হয়, এ ক্ষেত্রে দেশের পিছিয়ে পড়া ও প্রান্তিক জনগোষ্ঠী সবচেয়ে বেশি ঝুঁকিতে পড়েছেন। চলমান অবস্থা থেকে উত্তরণের জন্য সরকার একটি বিশেষ অর্থনীতি পুনরুদ্ধার কার্যক্রম বিবেচনা করতে পারে। দেশের অর্থনীতি পুনরুদ্ধার এবং নাগরিকদের কর্মসংস্থানসহ অর্থনৈতিক সুরক্ষা নিশ্চিতকরণ প্রক্রিয়ায় টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) কাঠামোকে অবলম্বন করে সরকারের অগ্রসর হওয়া প্রয়োজন।

এ জন্য একটি বিস্তারিত কর্মপরিকল্পনা গ্রহণ করে পর্যায়ক্রমিক পর্যবেক্ষণের মাধ্যমে চলমান সংকট থেকে পুনরুদ্ধারের কার্যক্রম নেওয়া জরুরি। এই মহামারীর ফলে সৃষ্ট নতুন চ্যালেঞ্জ মোকাবিলায় দেশের অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনায় এসডিজি কাঠামোকে বিশেষভাবে গুরুত্ব দেওয়া প্রয়োজন। এ ক্ষেত্রে দেশের পিছিয়ে পড়া ও প্রান্তিক জনগোষ্ঠীকে সহযোগিতার আওতায় আনার ক্ষেত্রে বিশেষ নজর দেওয়া জরুরি বলে মনে করেন দেবপ্রিয়। সংলাপে সভাপতিত্ব করেন সিপিডির চেয়ারম্যান অধ্যাপক রেহমান সোবহান। আলোচক ছিলেন ড. শামসুল আলম, সদস্য (সিনিয়র সচিব), সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন।

রেহমান সোবহান বলেন, চলমান এই মহামারীতে নারী, শিশু, বয়স্ক জনগোষ্ঠী, প্রতিবন্ধী জনগোষ্ঠী, আদিবাসী, প্রত্যন্ত অঞ্চলে অবস্থিত জনগোষ্ঠী, যুবসমাজসহ সমাজের পিছিয়ে পড়া জনগোষ্ঠীর বিভিন্ন চ্যালেঞ্জসমূহ নিয়ে এ সংলাপে আলোচনা হয়। সংলাপে ঢাকা, চট্টগ্রাম, সিলেট, খুলনা, বরগুনা, সুনামগঞ্জ, ঠাকুরগাঁও, বগুড়াসহ দেশের বিভিন্ন স্থান থেকে উন্নয়নকর্মী-বিশেষজ্ঞ, অর্থনীতিবিদ, গবেষক, ব্যবসায়ী প্রতিনিধি, যুব প্রতিনিধি এবং সাংবাদিকরা অংশগ্রহণ করেন।

চাকরি হারানোর ঝুঁকিতে ১.৩ কোটি নাগরিক

bit.ly/2AIhPAh



চলমান কোভিড-১৯ মহামারির ফলে দেশের এক কোটি ৩ লাখ নাগরিক চাকরি হারানোর ঝুঁকিতে রয়েছেন। বিশেষ করে, অস্থায়ী বা খণ্ডকালীন কর্মসংস্থানের সাথে নিয়োজিত নাগরিকরা এ ঝুঁকিতে পড়েছেন।

২০১৬-১৭ শ্রমশক্তি জরিপের উপাত্ত পর্যালোচনা করে এ প্রাক্কলন করা হচ্ছে। বর্তমান অবস্থা বিবেচনায় নিলে কর্ম হারানোর ঝুঁকিতে থাকা নাগরিকের সংখ্যা আরও বৃদ্ধি পাবে। এক্ষেত্রে দেশের পিছিয়ে পড়া ও প্রান্তিক জনগোষ্ঠী সবচেয়ে বেশি ঝুঁকিতে পড়েছেন।

গতকাল এসডিজি বাস্তবায়নে নাগরিক প্ল্যাটফর্ম, বাংলাদেশ-এর আয়োজনে এসডিজির নতুন চ্যালেঞ্জ ও বাজেট ২০২০- ২১ শীর্ষক এক ভার্চুয়াল সংলাপে এসব পর্যবেক্ষণ ও সুপারিশ তুলে ধরা হয়।

এসডিজি প্ল্যাটফর্মের আহ্বায়ক এবং সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি)-র ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য এ সংলাপে মূল প্রতিবেদন উপস্থান করেন।

আরও পড়ুন

আসছে করোনার ভ্যাকসিন, শুরুতে দেয়া হবে যাদের আড়াইহাজারে আইয়ুব হত্যা মামলার দুই আসামি গ্রেপ্তার করোনার সময়ে নিজেকে ভালো রাখবেন যেভাবে
সংলাপে বিশেষ অতিথি ছিলেন পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগ সদস্য (সিনিয়র সচিব) ড. শামসুল আলম। এসডিজি প্ল্যাটফর্মের উপদেষ্টা পরিষদের সদস্য এবং সিপিডির চেয়ারম্যান অধ্যাপক রেহমান সোবহান সংলাপে সভাপতিত্ব করেন।

সংলাপে বক্তারা বলেন, চলমান অবস্থা থেকে উত্তরণের জন্য সরকার একটি বিশেষ অর্থনীতি পুনরুদ্ধার কার্যক্রম বিবেচনা করতে পারে।

দেশের অর্থনীতি পুনরুদ্ধার এবং নাগরিকদের কর্মসংস্থানসহ অর্থনৈতিক সুরক্ষা নিশ্চিতকরণ প্রক্রিয়ায় টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) কাঠামোকে অবলম্বন করে সরকারের আগ্রহ হওয়া প্রয়োজন।

ড. দেবপ্রিয় ভট্টাচার্য বলেন, একটি বিস্তারিত কর্মপরিকল্পনা গ্রহণ করে পর্যায়ক্রমিক পর্যবেক্ষণের মাধ্যমে চলমান সংকট থেকে পুনরুদ্ধারের কার্যক্রম গ্রহণ জরুরি।

মহামারির ফলে সৃষ্ট নতুন চ্যালেঞ্জ মোকাবিলায় দেশের অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনায় এসডিজি কাঠামোকে বিশেষভাবে সন্নিবিদ্ধ করা প্রয়োজন। এক্ষেত্রে দেশের পিছিয়ে পড়া ও প্রান্তিক জনগোষ্ঠীকে সহযোগিতার আওতায় আনার ক্ষেত্রে বিশেষ নজর জরুরি।

ড. শামসুল আলম বলেন, চলমান মহামারি থেকে অর্থনীতি পুনরুদ্ধারের ক্ষেত্রে সরকার একটি স্বল্পমেয়াদি কার্যক্রম হাতে নেবে। অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনাসহ সকল উন্নয়ন কার্যক্রমেই সরকার ঝুঁকিতে থাকা সকল নাগরিককে সহযোগিতা প্রদানের ব্যাপারটি বিবেচনায় থাকবে।

অধ্যাপক রেহমান সোবহান বলেন, চলমান মহামারিতে নারী, শিশু, বয়স্ক জনগোষ্ঠী, প্রতিবন্ধী জনগোষ্ঠী, আদিবাসী, প্রত্যন্ত অঞ্চলে অবস্থিত জনগোষ্ঠী, যুবসমাজসহ সমাজের পিছিয়ে পড়া জনগোষ্ঠীর বিভিন্ন চ্যালেঞ্জসমূহ নিয়ে এ সংলাপে আলোচনা হয়।

সংলাপে ঢাকা, চট্টগ্রাম, সিলেট, খুলনা, বরগুনা, সুনামগঞ্জ, ঠাকুরগাঁও, বগুড়াসহ দেশের বিভিন্ন স্থান থেকে উন্নয়নকর্মী, বিশেষজ্ঞ, অর্থনীতিবিদ, গবেষক, ব্যবসায়ী প্রতিনিধি, যুব প্রতিনিধিরা অংশগ্রহণ করেন।

আমারসংবাদ/এসটিএম

f (https://www.facebook.com/Andolon71)

t (https://twitter.com/andolon71news)

G+

YouTube (https://www.youtube.com/channel/UCn9QVE1pGVIVn-oslYJJTnA?view_as=subscriber)



(https://www.andolon71.com)



(http://sislbd.com/)

শিরোনাম :

1.com/আরও-৪৫-মৃত্যু,-শনাক্ত-৩২৪৩) ■ অ্যাডভোকেট সাহারা খাতুন আইসিইউতে (https://www.andolon71.com/অ্যাডভোকেট-সাহারা-খাতুন-আইসিইউতে) ■ উন্নত হবে বিস

📄 প্রচ্ছদ (https://www.andolon71.com) 📁 বাংলাদেশ (category/)

চাকরি হারানোর ঝুঁকিতে ১ কোটি ৩০ লাখ নাগরিক



রিপোর্টারের নাম

🕒 আপডেট টাইম : শুক্রবার, ১৯ জুন, ২০২০ ০০ ১২



বৃহস্পতিবার (১৮ জুন) এসডিজি বাস্তবায়নে নাগরিক প্ল্যাটফর্ম, বাংলাদেশ-এর আয়োজনে এসডিজির নতুন চ্যালেঞ্জ ও বাজেট ২০২০-২১ শীর্ষক এক ভার্চুয়াল সংলাপে এসব তথ্য উঠে এসেছে। এসডিজি প্ল্যাটফর্মের আহ্বায়ক এবং সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি)-এর সম্মাননীয় ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য এ সংলাপে মূল প্রতিবেদন উপস্থাপন করেন।

সংলাপে বিশেষ অতিথি হিসেবে সাধারণ অর্থনীতি বিভাগের সদস্য (সিনিয়র সচিব) ড. শামসুল আলম বক্তব্য রাখেন।

--

--

--

এ জাতীয় আরো খবর..



ঢাকা: চলমান কোভিড-১৯ অতিমারির ফলে দেশের ১ দশমিক ৩ কোটি (১ কোটি ৩০ লাখ) নাগরিক চাকরি হারানোর ঝুঁকিতে রয়েছেন। বিশেষ করে, অস্থায়ী কিংবা খণ্ডকালীন কর্মসংস্থানে নিয়োজিত নাগরিকেরা এই ঝুঁকিতে পড়েছেন। ২০১৬-১৭ শ্রমশক্তি জরিপের উপাত্ত পর্যালোচনা করে এ প্রাক্কলন করা হচ্ছে। বর্তমান অবস্থা বিবেচনায় নিলে কর্ম হারানোর ঝুঁকিতে থাকা নাগরিকের সংখ্যা আরও বৃদ্ধি পাবে।

">



সংবাদ বিনোদন সারাক্ষণ

(<https://www.banglanews24.com>)

দেশে চাকরি হারানোর ঝুঁকিতে ১ কোটি ৩০ লাখ নাগরিক

সিনিয়র কorespondেন্ট | বাংলানিউজটোয়েন্টিফোর.কম | আপডেট: ২০২০-০৬-১৮
৯:০২:৩২ পিএম



...

ঢাকা: চলমান কোভিড-১৯ অতিমারির ফলে দেশের ১ দশমিক ৩ কোটি (১ কোটি ৩০ লাখ) নাগরিক চাকরি হারানোর ঝুঁকিতে রয়েছেন। বিশেষ করে, অস্থায়ী কিংবা খণ্ডকালীন কর্মসংস্থানে নিয়োজিত নাগরিকেরা এই ঝুঁকিতে পড়েছেন। ২০১৬-১৭

শ্রমশক্তি জরিপের উপাত্ত পর্যালোচনা করে এ প্রাক্কলন করা হচ্ছে। বর্তমান অবস্থা বিবেচনায় নিলে কর্ম হারানোর ঝুঁকিতে থাকা নাগরিকের সংখ্যা আরও বৃদ্ধি পাবে।

বৃহস্পতিবার (১৮ জুন) এসডিজি বাস্তবায়নে নাগরিক প্ল্যাটফর্ম, বাংলাদেশ-এর আয়োজনে এসডিজির নতুন চ্যালেঞ্জ ও বাজেট ২০২০-২১ শীর্ষক এক ভার্চুয়াল সংলাপে এসব তথ্য উঠে এসেছে। এসডিজি প্ল্যাটফর্মের আহ্বায়ক এবং সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি)-এর সম্মাননীয় ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য এ সংলাপে মূল প্রতিবেদন উপস্থাপন করেন।

